

অন্যান্য উৎস থেকে আয়ের বিশেষ ক্ষেত্র (ধারাঃ ৬৭)

ধারা	ধারা নাম	উপধারা	বিষয়	সারমর্ম	মন্তব্য	করদাতা
67	অন্যান্য উৎস থেকে আয়ের বিশেষ ক্ষেত্র	2	যে ক্ষেত্রে কোন আয়বর্ষে করদাতার হিসাবের বইতে বা অন্য কোন দলিলাদিতে এরূপ কোন অক্ষের ক্রেডিট দেখা যায়, যার প্রকৃতি ও উতস সম্পর্কে করদাতা কোন সন্তোষজনক ব্যাখ্যা প্রদান করতে পারেন না অথবা করদাতার ব্যাখ্যা উপকর কমিশনারের নিকট সন্তোষজনক প্রতীয়মান হয় না।	any sum found credited / যে কোন ক্রেডিট অঙ্ক		ব্যক্তি ও কোম্পানি উভয়ই
		3	যে ক্ষেত্রে করদাতা কোনো আয়বর্ষে কোন সম্পদের মালিক হন বা কোনো ঋন গ্রহণ করেন বা ব্যয় নির্বাহ করেন বা এরূপ কোনো লেনদেন করেন যা করদাতার পরিসম্পদকে প্রভাবিত করে, সে ক্ষেত্রে নীট পরিসম্পদের পরিবৃদ্ধি এবং নির্বাহকৃত খরচ থেকে মোট প্রাপ্তি বাদ দেয়ার পর অতিরিক্ত অর্থ	পরিসম্পদকে প্রভাবিত করে এমন কোন অঙ্ক	এখানে যদি $(ক+খ+গ) > (ঘ+ঙ+চ)$, তাহলে, $(ক+খ+গ) - (ঘ+ঙ+চ) =$ সমপরিমান অর্থ হল অন্যান্য উতস খাতে আয়। এখানে, ক = নীট পরিসম্পদের পরিবৃদ্ধি, খ = নির্বাহকৃত প্রকৃত খরচ, গ = ক ও খ ব্যতীত তহবিল থেকে অন্যান্য ব্যয়, ঘ = মোট নিরূপিত আয়, ঙ = নিরূপিত কর অব্যাহতিপ্রাপ্ত আয়, চ = ঘ ও ঙ ব্যতীত তহবিলের অন্যান্য গ্রহণযোগ্য প্রাপ্তি।	ব্যক্তি ও কোম্পানি উভয়ই
		4	যে ক্ষেত্রে করদাতা বানিজ্যিক মজুদ বা আর্থিক পরিসম্পদ ব্যতীত অন্য কোনো পরিসম্পদ কোনো ব্যক্তির নিকট হতে ক্রয় করেন এবং পরিশোধিত মূল্য ন্যায্য বাজারমূল্য অপেক্ষা কম হয়, সে ক্ষেত্রে পরিশোধিত মূল্য ও ন্যায্য বাজার মূল্যের পার্থক্য	বানিজ্যিক মজুদ এবং আর্থিক পরিসম্পদ ব্যতীত অন্য কোন পরিসম্পদ ক্রয় এবং তার মূল্য পরিশোধের ক্ষেত্রে		ব্যক্তি ও কোম্পানি উভয়ই
		5	কোনো চুক্তি বাতিল বা রদ করার অথবা চুক্তির কোনো শর্তে পরিবর্তন বা সংশোধনের কারণে কোনো আয়বর্ষে কোনো করদাতা ফি, কমিশন, ক্ষতিপূরণ সুনামমূল্য এরূপ কোনো অর্থ প্রাপ্ত হলে।	চুক্তি পরিবর্তনের কারণে কোন প্রাপ্তি		ব্যক্তি ও কোম্পানি উভয়ই
		6	লিজ বা ভাড়ার মাধ্যমে সেলামী বা ত্রিমিয়াম আকারে কোনো করদাতা কর্তৃক কোনো আয়বর্ষে কোনো এককালীন অর্থ প্রাপ্ত হলে।	লিজ বা ভাড়ার মাধ্যমে প্রাপ্তি		ব্যক্তি ও কোম্পানি উভয়ই
		7	কোনো আয়বর্ষে কোনো করদাতা কর্তৃক কোনো পরিসম্পদ অর্জনকালে পরিশোধিত অর্থ হতে উতসে কর কর্তন বা সংগ্রহ না করা হলে এরূপ পরিশোধিত অর্থ।	ক্রয়কৃত সম্পদের অর্থ পরিশোধের ক্ষেত্রে উৎসে কর কর্তন না হলে		ব্যক্তি ও কোম্পানি উভয়ই
		8	ঋণের দায় মওকুফের প্রেক্ষিতে কোনো আয়বর্ষে কোনো করদাতা যদি কোনো প্রকার লাভ বা সুবিধা প্রাপ্ত হন, তবে তা অর্থে রূপান্তরযোগ্য হোক বা না হোক, উক্ত লাভ বা সুবিধার অর্থমূল্য উক্ত আয়বর্ষে করদাতার আয় হিসাবে গণ্য হবে।	ঋণের দায় মওকুফ থেকে প্রাপ্তি	শর্তঃ নিম্নবর্ণিত ক্ষেত্রে এটি প্রযোজ্য নয়, ১। কোনো তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩, (১৯৯৩ সনের ২৭ নং আইন) এর অধীন নিবন্ধিত কোনো আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত স্বাভাবিক ব্যক্তি বরাবর ঋন অথবা সুদ মওকুফ। ২। কোনো ব্যক্তি করদাতার স্টক এক্সচেঞ্জে লেনদেনকৃত কোনো দিকিউরিটজে বিনিয়োগের বিপরীতে বাংলাদেশ দিকিউরিটজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ বা ইহার অধীন প্রণীত বিধির আলোকে নিবন্ধিত মার্চেন্ট ব্যাংকার এন্ড পোটফোলিও ম্যানেজার বা স্টক ব্রোকার কর্তৃক কোনো মার্জিন লোন বা উহা হতে উদ্ভূত সুদ মওকুফের কারণে অনূর্ধ্ব ১০ লক্ষ টাকা লাভ বা সুবিধা।	ব্যক্তি ও কোম্পানি উভয়ই
		9	কোনো আয়বর্ষে করদাতা লটারি, শব্দজট, কার্ড গেইম, অনলাইন গেইম, এরূপ খেলায় জয়লাভ থেকে প্রাপ্ত অর্থ।	লটারি থেকে প্রাপ্তি		ব্যক্তি ও কোম্পানি উভয়ই
		10	যে ক্ষেত্রে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত নয়, এরূপ কোনো কোম্পানি কোনো আয়বর্ষে কোনো শেয়ারহোল্ডারের নিকট হতে ব্যাংক ট্রান্সফার ব্যতীত নগদে মূলধন প্রাপ্ত হয়, সে ক্ষেত্রে উক্ত পরিশোধিত মূলধন।	কোম্পানি কর্তৃক ব্যাংক ট্রান্সফার ব্যতীত নগদে মূলধন প্রাপ্ত হওয়া	শর্তঃ কোম্পানী আইন ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) অনুযায়ী পরিশোধিত মূলধন হিসাবে নগদ ব্যতীত অন্য কোনো পরিসম্পদ বা সেবা গৃহিত হলে এই বিধান প্রযোজ্য হবে না।	কোম্পানি
		11	যেই ক্ষেত্রে স্বাভাবিক ব্যক্তি করদাতা ব্যতীত কোনো করদাতা অন্য কোনো ব্যক্তির নিকট হইতে ক্রেসড চেক বা ব্যাংক ট্রান্সফার ব্যতীত অন্য কোনোভাবে কোন অগ্রিম, ঋণ, বা অন্য কোন প্রকার ডিপোজিট গ্রহণ করে, সেই ক্ষেত্রে উক্ত অর্থ বেই বৎসর ঋণ হিসাবে গৃহীত হইয়াছিল, সেই আয়বর্ষে উক্ত করদাতার আয় হিসাবে গণ্য হইবে	কোম্পানি কর্তৃক নগদে অগ্রিম, ঋণ, বা অন্য কোন প্রকার ডিপোজিট গ্রহণের ক্ষেত্রে	শর্তঃ যে ক্ষেত্রে কোনো ঋন বা তার অংশবিশেষ পরবর্তী কোনো আয়বর্ষে পরিশোধ করা হয়, সে ক্ষেত্রে এরূপে পরিশোধিত অর্থ উক্ত পরবর্তী আয়বর্ষের আয় পরিগননার সময় বাদ যাবে।	কোম্পানি
		12	যে ক্ষেত্রে কোনো কোম্পানি করদাতা সরাসরি বা ভাড়াই এক বা একাধিক মোটর কার বা জিপ ক্রয় করে, এবং কোনো মোটর কার বাক জিপের মূল্য রিজার্ভ ও পুঞ্জীভূত মুনাফাসহ তার পরিশোধিত মূলধনের ১০ শতাংশের অধিক হয়, সে ক্ষেত্রে এরূপ ১০ শতাংশ অতিক্রান্ত হওয়া অর্থের ৫০% আয় হিসাবে গণ্য হবে।	কোম্পানি কর্তৃক একের অধিক মোটর কার বা জিপ ক্রয়ের ক্ষেত্রে		কোম্পানি

		<p>যে ক্ষেত্রে কোনো স্বাভাবিক ব্যক্তি করদাতা অন্য কোনো ব্যক্তির নিকট হতে ক্রসড চেক বা ব্যাংক ট্রান্সফার ব্যতীত অন্য কোনোভাবে কোনো অগ্রিম, ঋন, বা অন্য কোনো প্রকার ডিপোজিট হিসাবে সর্বমোট ৫ লক্ষ টাকার অধিক পরিমানের কোনো অর্থ গ্রহণ করে, সে ক্ষেত্রে উক্তরূপে গৃহিত অর্থ যে বছর অগ্রিম, ঋন, দান, বা অন্য কোনো প্রকার ডিপোজিট হিসাবে গৃহিত হয়েছিল, সেই আয়বর্ষে করদাতার আয় হিসাবে গণ্য হবে।</p>	<p>ব্যাংক ট্রান্সফার ব্যতীত কোনো অগ্রিম, ঋন, বা অন্য কোন ডিপোজিট প্রাপ্তি ৫ লক্ষ টাকার অধিক</p>	<p>শর্তঃ যেক্ষেত্রে প্রযোজ্য নয়ঃ ১। স্বামী-স্ত্রী, আপন ভাই বা বোন, পিতা-মাতা বা সন্তানের নিকট হইতে এরূপ অর্থ গ্রহণ করা হইলে এবং উহা দাতা ও গ্রহীতার রিটার্নে প্রদর্শিত হইলে; ২। ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও এনজিও বিষয়ক ব্যুরো বা মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির সাথে নিবন্ধিত কোনো সংস্থা কর্তৃক গৃহিত কোনো ডিপোজিট।</p>	<p>স্বাভাবিক ব্যক্তি</p>
		<p>রিয়েল এস্টেট ব্যবসায় জড়িত নয় এরূপ কোনো করদাতা কোনো গৃহসম্পত্তি বা তার অংশবিশেষ নির্মান বা মেরামতের জন্য বাকীতে নির্মান সামগ্রী ক্রয় করেন, এবং এরূপ ক্রয় সংশ্লিষ্ট আয়বর্ষ সমাপ্তির পরবর্তী ২ আয়বর্ষের মধ্যে পরিশোধ না করেন, সে ক্ষেত্রে উক্ত ২ আয়বর্ষ সমাপ্ত হবার পরবর্তী আয়বর্ষে তা আয় হিসাবে গণ্য হবে।</p>	<p>বাকীতে নির্মান সামগ্রী ক্রয় এবং পরিশোধ না করা</p>		<p>ব্যক্তি ও কোম্পানি উভয়ই (রিয়েল এস্টেট ব্যবসা ব্যতীত)</p>
		<p>(১৫) যেই ক্ষেত্রে কোন করদাতা কোনো সংশোধিত রিটার্ন দাখিল করেন এবং উক্ত সংশোধিত রিটার্নে এইরূপ কোনো আয় প্রদর্শন করেন এবং উক্ত সংশোধিত রিটার্নে এইরূপ কোনো আয় প্রদর্শন করেন যাহা কর অব্যাহতিপ্রাপ্ত বা হ্রাসকৃত করহারের আওতাধীন, সেই ক্ষেত্রে ক-খ এর সমপরিমাণ অর্থ উক্ত আয়বর্ষে করদাতার "অন্যান্য উৎস হইতে আয়" খাতের আয় হিসাবে অন্তর্ভুক্ত হইবে, যেখানে- ক= কর অব্যাহতিপ্রাপ্ত বা হ্রাসকৃত করহারের আওতাধীন আয় হিসাবে সংশোধিত রিটার্নে প্রদর্শিত অর্থ, খ = মূল রিটার্নে প্রদর্শিত আয়; তবে শর্ত থাকে যে, ষষ্ঠ তফসিল অংশ ১ এর দফা (৪), (৫), (৬), (৭), (৮), (১৭) ও (৩৫) এবং চাকরি হইতে আয় পরিগণনায় কর অব্যাহতি সংক্রান্ত ক্ষেত্রে এই উপ-খারার বিধান প্রযোজ্য হইবে না।</p>	<p>সংশোধিত রিটার্ন দাখিলের ক্ষেত্রে অতিরিক্ত আয়</p>	<p>এখানে ক-খ = অন্যান্য উতস থেকে আয়, যেখানে ক = কর অব্যাহতিপ্রাপ্ত বা হ্রাসকৃত করহারের আওতাধীন আয় হিসাবে সংশোধিত রিটার্ন বা ডুল-সংশোধনী রিটার্নে প্রদর্শিত অর্থ; এবং খ = মূল রিটার্নে প্রদর্শিত অর্থ। শর্তঃ যেক্ষেত্রে ব্যাংকিং মাধ্যম সংযুক্ত থাকবে এবং উপযুক্ত প্রমাণাদি উপস্থাপিত হবে, সে ক্ষেত্রে এটি প্রযোজ্য হবে না।</p>	<p>ব্যক্তি ও কোম্পানি উভয়ই</p>